# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　পূর্ণমান— ৭০

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** একটি বেসরকারি রেডিওতে বাংলা ও ইংরেজি মিশ্রিত উপস্থাপনা শুনে রাজিব খুব মর্মাহত হয়। পরবর্তীতে সে এক প্রতিবাদ লিপিতে কর্তৃপক্ষের কাছে আহ্বান করেন, অন্তত ফেব্রুয়ারি মাসে যেন শুদ্ধ বাংলায় উপস্থাপন করা হয়। জবাবে রেডিও এর মহাপরিচালক ঘটনার জন্য দুঃখ প্রকাশ করে রাজিবকে জানালেন, তোমাদের এ চেতনা তৎসময়ে বাঙালিদের মধ্যে ছিল বলেই আজকে আমরা স্বাধীন বাংলাদেশের নাগরিক।

ক. যুক্তফ্রন্ট গঠনের মূল উদ্যোগ নিয়েছিল কোন দল? ১

খ. 'তমদ্দুন মজলিশ' কে, কখন এবং কেন গঠন করেন? ২

গ. রাজিবের প্রতিবাদ লিপিতে পাকিস্তান আমলের কোন আন্দোলনের প্রভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাজিবের চিঠির প্রতিক্রিয়ায় মহাপরিচালকের মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

**২.▶** দৃশ্যকল্প- ১ঃ রতনপুর গ্রামে ভূমিহীন কৃষকের সংখ্যা অনেক বেশি থাকার কারণে সেখানকার জীবনযাত্রার মান খুবই খারাপ। এ কারণে একটি বিশেষ ব্যাংকের কিছু কর্মকর্তা সেখানে গিয়ে কোনো কিছু বন্ধক রাখা ছাড়াই ঋণ প্রদান করে স্বকর্মসংস্থানের ব্যবস্থা করে।

দৃশ্যকল্প- ২ঃ মাননীয় অর্থমন্ত্রী একটি সেমিনারে বললেন, যাদের মাসিক গড় আয় ষোল হাজার টাকা তাদের সবাইকে দেশের উন্নয়নের জন্য কর দিতে হবে।

ক. বাংলাদেশের সরকারের আয়ের অন্যতম প্রধান উৎস কোনটি? ১

খ. বাণিজ্যিক ব্যাংকের অন্যতম কাজটি ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ কোন ব্যাংকের কার্যক্রমের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ উল্লিখিত উৎস থেকে প্রাপ্ত অর্থ কি সরকারের ব্যয় নির্বাহের জন্য যথেষ্ট বলে মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.▶** সামিন ও আদ্রিদের মধ্যে রাজনৈতিক বিষয়ে কথোপকথনঃ

সামিনঃ আমাদের দেশে জনগণই পরোক্ষভাবে দেশ পরিচালনা করে।

আদ্রিদঃ সরাসরি ভোটের মাধ্যমে জনগণ তার প্রতিনিধি নির্বাচন করে।

সামিন: তবে এ প্রক্রিয়া দুর্নীতিগ্রস্ত। অযোগ্য সরকার প্রতিষ্ঠিত হলে দেশের কল্যাণ বাধাগ্রস্ত হতে পারে।

ক. আব্রাহাম লিংকন প্রদত্ত গণতন্ত্রের সংজ্ঞাটি লেখ। ১


খ. রাজনৈতিক দলের অন্যতম কাজটি ব্যাখ্যা কর। ২

গ. সামিন ও আদ্রিদ কোন ধরনের শাসন ব্যবস্থার কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সামিনের শেষোক্ত বক্তব্যে উল্লিখিত শাসন ব্যবস্থার ইতিবাচক-নেতিবাচক উভয় দিকই ফুটে উঠেছে? মতামত দাও। ৪

Teachingbd.com

৪.▶




ক. দেশের শ্রম শক্তির মোট কত শতাংশ কৃষি খাতে নিয়োজিত? ১

খ. মাথাপিছু আয় ধারণাটির পরিচয় দাও। ২

গ. উল্লিখিত চক্রে বাংলাদেশের কোন বৈশিষ্ট্যের উল্লেখ রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "বাংলাদেশের অর্থনৈতিক অগ্রসরতার প্রতিবন্ধকতাই উল্লিখিত বৈশিষ্ট্যের জন্য দায়ী।" এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত কর। ৪

৫.▶ 'ক' রাষ্ট্রটি তার নিজস্ব ক্ষমতাবলে অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলা বজায় রাখার পাশাপাশি বিদেশি আক্রমণ থেকেও দেশকে রক্ষা করছে।

অপরদিকে 'খ' রাষ্ট্রটি বিভিন্ন দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপনে আন্তর্জাতিক অঙ্গনে সুপরিচিত।

ক. "The Modern State" গ্রন্থের রচয়িতা কে? ১

খ. আইনের প্রধান উৎসটি ব্যাখ্যা কর। ২

গ. 'ক' রাষ্ট্রটি কোন ক্ষমতাবলে নিজেকে রক্ষা করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'খ' রাষ্ট্রের উল্লিখিত কাজটি করলেই কি দেশের সার্বিক উন্নয়ন সম্ভব? উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৬.▶ যমুনা নদীর ওপর সেতু নির্মিত হওয়ার ফলে সিরাজগঞ্জের বিভিন্ন এলাকায় বেশ কিছু ছোট বড় ব্যবসা প্রতিষ্ঠান গড়ে ওঠে। তার মধ্যে কিছু উৎপাদনমুখী প্রতিষ্ঠানও রয়েছে। যেখানে ঐ এলাকার নারী-পুরুষ বিভিন্ন কর্মে নিয়োজিত হয়ে আত্মনির্ভরশীল হওয়ার পাশাপাশি জাতীয় আয়ে ভূমিকা পালন করছে।

ক. চতুর্থ বিশ্ব নারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়? ১

খ. সামাজিক পরিবর্তনের বিশেষ উপাদানটি ব্যাখ্যা কর। ২

গ. সিরাজগঞ্জের বিভিন্ন এলাকার সামাজিক পরিবর্তনে কোন উপাদানটি অধিক কার্যকরী? ব্যাখা কর। ৩

ঘ. উক্ত উপাদানটিই কি সামাজিক পরিবর্তনের একমাত্র উপাদান? পাঠ্যপুস্তকের আলোকে তোমার মতামত ব্যক্ত কর। ৪

Teachingbd.com

৭.▶ প্রেক্ষাপট-১ঃ আজিজ সাহেব জনগণের সরাসরি ভোটে নির্বাচিত সরকারের একটি গুরুত্বপূর্ণ বিভাগের সদস্য। তার বিভাগটি রাষ্ট্রের গুরুত্বপূর্ণ কাজের পাশাপাশি অন্য একটি বিভাগকে নিয়ন্ত্রণ করে থাকেন।

প্রেক্ষাপট-২ঃ অ্যাডভোকেট সারোয়ার হোসেনকে সরকারের একটি বিভাগের প্রধান ব্যক্তি অন্য একটি বিভাগের সদস্য হিসেবে নিয়োগ দেন। এখন সারোয়ার সাহেবের কাজ হলো দেশের প্রচলিত আইনে ন্যায়বিচার প্রতিষ্ঠা করা।

ক. উপজেলা ব্যবস্থা প্রথম কত সালে প্রবর্তন করা হয়? ১

খ. রাষ্ট্রের সর্বাপেক্ষা প্রাচীন স্থানীয় প্রতিষ্ঠানটি ব্যাখ্যা কর। ২

গ. প্রেক্ষাপট-১ এর আজিজ সাহেব সরকারের কোন বিভাগের সদস্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রেক্ষাপট-২ এ জনাব সারোয়ার হোসেনের যে কাজটির কথা বলা হলো তা কি উক্ত বিভাগের একমাত্র কাজ? মতামত দাও। ৪

৮.▶




Teachingbd.com

ক. পৃথিবী প্রতি সেকেন্ডে কত কিলোমিটার বেগে সূর্যকে প্রদক্ষিণ করে? ১

খ. জোয়ার-ভাটার একটি কারণ ব্যাখ্যা কর। ২

গ. অস্ট্রেলিয়ায় যখন সকাল ১১টা তখন বাংলাদেশের স্থানীয় সময় নির্ণয় কর। ৩

ঘ. বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার তাপমাত্রার পার্থ্যক্যের কারণ বিশ্লেষণ কর। ৪

৯.▶ ঘটনা— ১ঃ প্রিয়ন্ত মাগরিবের নামাজের পর পশ্চিম আকাশে একটি তারা দেখতে পায়। ফজরের নামাজর পর সে দেখতে পায় উক্ত তারাটি পূর্বদিকে অবস্থান করছে।

ঘটনা -২ঃ রোহান জানুয়ারি মাসে দেখতে পেল সূর্য অস্ত যাচ্ছে সন্ধ্যা ৫ঃ২০ মিনিটে। আবার জুলাই মাসে লক্ষ করল, সন্ধ্যা ৬ঃ৪৫ মিনিটে সূর্য অস্ত যাচ্ছে।

ক. সৌর কলঙ্ক কাকে বলে? ১

খ. ভূ-অভ্যন্তরের একটি স্তর ব্যাখ্যা কর। ২

গ. প্রিয়ন্তের দেখা তারাটির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. জানুয়ারি ও জুলাই মাসে সূর্য অস্ত যাওয়ার সময়ের ভিন্নতার কারণ বিশ্লেষণ কর। ৪

১০. ▶

**পদক্ষেপ– ১ঃ**

- সকল রাজনৈতিক দলের সমন্বয়ে একটি দল গঠন
- অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক ক্ষেত্রে নতুন কর্মসূচি প্রবর্তন
- মজুতদার, দুর্নীতিবাজ এবং ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা

**পদক্ষেপ– ২ঃ**

- সদ্য স্বাধীনতা প্রাপ্ত একটি দেশের প্রধানকে হত্যা
- জাতীয়তাবাদী নেতাদের জেলখানায় হত্যা
- পাল্টা অভ্যুত্থানে খুনিদের দেশ ত্যাগ

ক. নূর হোসেন এরশাদের বিরুদ্ধে কোন কর্মসূচি পালনের সময় নিহত হন? ১

খ. মুক্তিযুদ্ধে জাতিসংঘের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. পদক্ষেপ-১ বাংলাদেশের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর।৩

ঘ. পদক্ষেপ-২ এর মূল লক্ষ্য ছিল দেশের স্বাধীনতা এবং সশস্ত্র মুক্তিযুদ্ধের অর্জনসমূহ নষ্ট করে স্বাধীন বাংলাদেশকে পূর্ব অবস্থায় ফিরিয়ে নেয়া— বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

১১. ▶




ক. তিস্তা নদী কোথায় উৎপত্তি হয়েছে? ১

খ. বাংলাদেশের বর্ষাকাল সম্পর্কে ধারণা দাও। ২

গ. 'A' চিহ্নিত জায়গার ভূ-প্রকৃতি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'A' ও 'B' চিহ্নিত বনভূমি দুটি দেশের অর্থনৈতিক উন্নয়ন ও প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষায় ব্যাপক ভূমিকা পালন করছে। মতামত দাও। ৪

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসনে বিজয়ী হয়?**
ক ১১৩টি খ ২১৩টি
গ ১২৩টি ঘ ২২৩টি

**২. বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচন কখন অনুষ্ঠিত হয়?**
ক ১৯৭২ সালের ১২ অক্টোবর
খ ১৯৭২ সালের ৪ ডিসেম্বর
গ ১৯৭৩ সালের ৭ মার্চ
ঘ ১৯৭৩ সালের ৪ ডিসেম্বর

**৩. বঙ্গবন্ধুর সরকার যে সকল ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে—**
i. যুগোপযোগী শিক্ষার উদ্যোগে
ii. রিলিফ ব্যবস্থা প্রবর্তন করে
iii. মিত্রবাহিনীকে ফেরত পাঠিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৪. বাঙালির নিযুক্তিতে প্রশাসনিক ক্ষেত্রে বৈষম্যের চিত্র হলো—**
i. প্রথম শ্রেণির পদে ১৯%
ii. স্বাস্থ্যে ১৯%
iii. কৃষিতে ২১%
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৫. জাতীয় শিশুনীতি কখন প্রণীত হয়?**
ক ২০০৬ সালে খ ২০০৯ সালে
গ ২০১০ সালে ঘ ২০১১ সালে

**৬. গত চার দশকে বাংলাদেশে শিশু মৃত্যুহার (প্রতি হাজার) কত জনে দাঁড়িয়েছে?**
ক ৫৮ জনে খ ৩৮ জনে
গ ৪৮ জনে ঘ ২৮ জনে

**৭. প্রবল বৃষ্টিপাতের কারণে দেশের দক্ষিণাঞ্চলে ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়েছে। এই সমস্যা সমাধানে সরকার ব্যাপক কর্ম-পরিকল্পনা গ্রহণ করেছে। এটা রাষ্ট্রের কোন ধরনের কাজ?**
i. মুখ্য কার্যাবলি
ii. গৌণ কার্যাবলি
iii. ঐচ্ছিক কার্যাবলি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৮. জনাব আহসান একজন সহকারী সচিব। তিনি সরকারের কোন বিভাগে কাজ করেন?**
ক বিচার বিভাগ
খ আইন সভা
গ প্রশাসন ঘ স্থানীয় সরকার

**৯. মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি নির্বাচিত হন—**
i. প্রত্যক্ষ নির্বাচনের দ্বারা
ii. পরোক্ষ নির্বাচনের দ্বারা
iii. উপনির্বাচনের দ্বারা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

**১০. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?**
ক ১৫৬ খ ১৩৬
গ ১৪৬ ঘ ৫৬

**১১. কোন সালে বিশ্ব নারী দিবস ঘোষণা হয়?**
ক ১৯৭০ সালে খ ১৯৭৩ সালে
গ ১৯৭৫ সালে ঘ ১৯৭৯ সালে

**নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**
দশম শ্রেণির ক্লাস লিডার বাছাইয়ের উদ্দেশ্যে শিক্ষার্থীদের একটি কাগজে নাম লিখে ব্যালট বাক্সে ফেলতে বলা হলো।

**১২. উপরের উদ্দীপকে কোন ব্যবস্থাটির চিত্র ফুটে উঠেছে?**
ক মনোনয়ন খ নির্বাচন
গ নির্বাচনি আচরণবিধি ঘ ব্যবস্থাপনা

**১৩. ক্লাসের শিক্ষার্থীরা—**
i. ভোটার ii. নির্বাচকমণ্ডলী
iii. প্রতিনিধি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৪. কিশোর শ্রমিকদের কাজের সীমা কত ঘণ্টা?**
ক ৫ ঘণ্টা খ ৬ ঘণ্টা
গ ৭ ঘণ্টা ঘ ৮ ঘণ্টা

**১৫. আন্তর্জাতিক সম্পদ কোনটি?**
ক বনাঞ্চল খ কর্মদক্ষতা
গ উদ্ভাবনী শক্তি ঘ বৈজ্ঞানিক আবিষ্কার

**১৬. আমাদের উৎপাদনের জন্য যে মূলধন প্রয়োজন তা সংগৃহীত হয়—**
i. অভ্যন্তরীণ উৎস হতে
ii. বৈদেশিক বাণিজ্য হতে

Teachingbd.com

iii. বৈদেশিক ঋণ হতে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

**১৭. স্বাধীনতার পর প্রণীত সংবিধানের ভিত্তিতে দেশে কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়?**

ক ধনতান্ত্রিক　　খ সমাজতান্ত্রিক
গ মিশ্র　　ঘ ইসলামি

**১৮. বাংলাদেশের জনগণের বিনিয়োগের হার GDP-র কত ভাগ?**

ক ২৪.৭৩%　　খ ২৬.৮৪%
গ ২৭.৪৩%　　ঘ ২৮.৪০%

**১৯. নিম্ন মধ্যআয়ের দেশ হলো—**

i. নাইজেরিয়া　　ii. মিশর
iii. থাইল্যান্ড

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

**২০. বাংলাদেশে যেসব দ্রব্যের ওপর প্রধানত আবগারি শুল্ক ধার্য করা হয়—**

i. কেরোসিন　　ii. পেট্রোল
iii. স্পিরিট

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**

জনাব জাহিদ বিশ লক্ষ টাকা পেনশন/অবসর ভাতা হিসেবে পেয়েছেন। তিনি X ব্যাংকের উত্তরা শাখায় ৯% সুদে দশ বছরের জন্য জমা রাখেন।

**২১. X ব্যাংকে এ জমাকৃত টাকা কোন আমানতের অন্তর্ভুক্ত?**

ক চলতি　　খ স্টক
গ সঞ্চয়ী　　ঘ স্থায়ী

**২২. উক্ত ব্যাংকে জমাকৃত টাকা—**

i. মুদ্রাস্ফীতি বাড়ায়
ii. বিনিয়োগ প্রসারিত করে
iii. ঋণদানের ক্ষমতা বাড়ায়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

**২৩. পৃথিবী উপবৃত্তাকার পথে পরিক্রমণ করার কারণে—**

i. বিভিন্ন ঋতুর আবির্ভাব হয়
ii. মাধ্যাকর্ষণ শক্তির হ্রাস-বৃদ্ধি ঘটে
iii. দিন-রাত্রির দৈর্ঘ্যের তারতম্য ঘটে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

**২৪. এপ্রিল মাসে রাজশাহীতে গড় তাপমাত্রা কত থাকে?**

ক ৩০° সে.　　খ ৩৪° সে.
গ ৩৮° সে.　　ঘ ৪৪° সে.

**২৫. মায়ানমারের পার্বত্য অঞ্চলে শীতকালে তাপমাত্রা কত থাকে?**

ক ২৭° সে. কাছাকাছি　　খ ১৯° সে. কাছাকাছি
গ ১১° সে. কাছাকাছি　　ঘ ০° সে. কাছাকাছি

**২৬. প্রতি বছর কক্সবাজারের নিকট সমুদ্রের উচ্চতা কত বৃদ্ধি পায়?**

ক ৫ মি.মি. থেকে ৭ মি.মি.
খ ৪ মি.মি. থেকে ৬ মি.মি.
গ ৪ মি.মি. থেকে ৫ মি.মি.
ঘ ৩ মি.মি. থেকে ৪ মি.মি.

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**

সামিনের নিজের বাড়ি ১৭৫° পশ্চিম দ্রাঘিমায়। সে শুক্রবার সকাল ৮ টায় যাত্রা শুরু করল এবং ১৮০° দ্রাঘিমা অতিক্রম করে ১৭০° পূর্ব দ্রাঘিমায় তার নানাবাড়িতে আসল।

**২৭. সামিনের নানাবাড়ির স্থানে সময় কত হবে?**

ক ১০টা　　খ ৯টা
গ ৭টা　　ঘ ৮টা

**২৮. সামিনের নানাবাড়িতে কোন বার হবে?**

ক শুক্রবার　　খ বৃহস্পতিবার
গ শনিবার　　ঘ রবিবার

**২৯. সুন্দরবনের আয়তন কত?**

ক ৪১৯২ বর্গকি.মি.　　খ ৪৩৯২ বর্গকি.মি.
গ ৪২৯২ বর্গকি.মি.　　ঘ ৪৪৯২ বর্গকি.মি.

**৩০. ব্রহ্মপুত্র নদীর গতিপথ পরিবর্তন হয়েছে কোন কারণে?**

ক বন্যার　　খ ভূমিকম্পের
গ সুনামির　　ঘ প্রাকৃতিক কারণে

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ |
| ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd.com

http://teachingbd.com